# সংবর্ত

**(১৯৫৩)**

**সুধীন্দ্রনাথ দত্ত**

## ১৯৪৫

তুমি বলেছিলে জয় হবে, জয় হবে :
নাট্‌সী পিশাচও অবিনশ্বর নয় ।
জার্মানি আজ ম্রিয়মাণ পরাভবে ;
পশ্চিমে নাকি আগত অরুণোদয় ।
অন্তত রুষ বাহিনী বন্যাবেগে
কবলিত করে শোষিত দেশের মাটি ;
বিভীষণদের উচ্ছেদে ওঠে জেগে
স্বাধীন প্যারিস্‌, যথারীতি পরিপাটী ;
এ-বারে সমরে,শান্তিতে সহযোগী
মার্কিন্‌ ঢালে সমানে শোণিত, টাকা ;
ধনিক যুগের প্রধান ভুক্তভোগী
ইংলণ্ডেই সমাজতন্ত্র পাকা।।

অবশ্য চীনে নেতারা স্বার্থপর,
সর্বথা জনশক্তির বাধ সাধে ;
স্থগিত ভারতে আপ্ত কালান্তর,
জিন্না যেহেতু বিমুখ গান্ধিবাদে ।
তাছাড়া আবার রক্ষকে ভক্ষকে
ভেদ ভোলে স্বচ্ছন্দ বেল্‌জিয়ামে ;
ইটালীর প্রতিবিপ্লবী পক্ষকে
সম্মুখ রেখে, ত্রাতারা তারণে নামে।
তথাচ গ্রীসের ট্রটস্কীয় বামাচারী
বিনষ্ট চার্চিলের বাক্যবাণে;
ধরে তুরস্ক বিশ্রুত তরবারি ;
আর্জেন্টিনা প্রগতির রথ টানে ।।

৩

সত্য কি তবে সে-দিন তোমার মুখে
ভর করেছিল দুরূহ দৈববাণী ?
ভূয়োদর্শনে ঢাকি অতিবস্তুকে,
তাই আমাদের অনুভবে শুধু হানি?
হয়তো অমৃত ব্যর্থ মৃত্যু বিনা,
পাপ পুণ্যের মুকুরিত প্রতিরূপ,
ক্লীবের মারণ ভীষ্মের দক্ষিণা,
মুক্তির উৎপত্তি অন্ধকূপ,
ভূতের অগাধে নিহিত ভবিষ্যৎ,
অন্যায় আনে আস্থা ন্যায়ের প্রতি,
শত্রুনিপাত মহামৈত্রীর পথ,
পরিশ্রমীর স্বধর্মে সদ্‌গতি ।।

৪

কিন্তু জীবন এতই বিকল কি যে
কেবল মরণে প্রমার সম্ভাবনা ?
প্রাণধারনের যে- দৃষ্টান্ত নিজে
রেখে গেছ, তা কি অন্ধ প্রবঞ্চনা ?
ক্ষমা, অহিংসা,মনীষা,বিবেকী দ্বিধা,
অত্যাচারের সঙ্গে অসহযোগ,
অসম্পৃক্ত ইষ্টের সদভিধা,
বিচারে বিশ্বমানবের বিনিয়োগ-
এ-সকলে আজ তুমি কি নিরুৎসাহ,
বুঝেছ সাধুর শাঠ্যেই মজে শঠ ?
রাইনে জুড়ায় বার্সেলোনার দাহ,
স্পেনে নিষিদ্ধ যদিও ধর্মঘট !

৫

অতএব হোক আহ্লাদে আটখানা
বুদাপেস্তের ধ্বংসে হিসাবী চেক্ :
কার্যকারণে ধার্য বিমানহানা,
ভার্শাও দ্রেস্‌দেনের পূর্বলেখ ।
সমিতি বসুক লণ্ডনে, লুব্লিনে,
যে যাবে, সে যাক সান্‌ফ্রান্সিস্কোতে,
মিথ্যা মানুক আর্তেরা দুর্দিনে :
কর্মের ফল ফলবেই জোতে জোতে।
আজও নিমিত্তমাত্র সব্যসাচী ;
মমতা অচল সাধারণ শুদ্ধিতে :
কৃপা খুঁজে মরে মোহজালে কানামাছি ;
ব্যাহত বিধাতা ব্যক্তির বুদ্ধিতে ।।

৬

তবু জানি যবে জয় হবে বলেছিলে,
চাওনি তখন তুমিও এ-পরিণাম :
শূন্যে ঠেকেছে লাভে লোকসানে মিলে,
ক্লান্তির মতো, শান্তিও অনিকাম।
এরই আয়োজনে অর্ধশতক ধ'রে,
দু-দুটো যুদ্ধে,একাধিক বিপ্লবে ;
কোটি কোটি শব পচে অগভীর গোরে,
মেদিনী মুখর একনায়কের স্তবে !

নির্বাণ নভে গৃধ্নু রাহুর গ্রাস
তুমি অনিকেত নির্বাক নাস্তিতে :
কে জবাব দেবে, নিখিল সর্বনাশ
কোন্ অবরোহী পাতকের শাস্তিতে?